

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৪ খ্রিস্টাব্দ।

নং গৃহম/পরি-১/৪/২০০১(অংশ-৪)/১১৭—যেহেতু Khulna Development Authority Ordinance, 1961 (Ord. No. II of 1961) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 22 এর sub-section (3) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার খুলনা মাস্টার প্ল্যান এলাকা সম্প্রসারণ করে মংলা শহর পর্যন্ত এলাকার জন্য একটি নতুন Master Plan এস, আর, ও নং- ৩১০-আইন/২০১৩, তারিখ : ৩১ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ/১৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে গেজেট আকারে প্রকাশ করিয়াছে; এবং

যেহেতু উক্ত Ordinance এর Section 22 এর sub-section (4) এ নির্ধারিত সময়ের মধ্যে খুলনা মাস্টার প্ল্যান এলাকা সম্প্রসারণ করে মংলা শহর পর্যন্ত এলাকার জন্য প্রণীত মাস্টার প্ল্যান বা উহার কোনো অংশবিশেষের উপর কোনো ক্ষতিগ্রস্ত বা অন্য কোনো ব্যক্তির আপত্তি থাকিলে উহা দাখিলের জন্যে প্রকাশিত গেজেটে আহ্বান করা হয়েছিল; এবং

যেহেতু সরকার উক্ত Ordinance এর Section 22 এর sub-section (3) এ নির্ধারিত সময়ের মধ্যে দাখিলকৃত আপত্তি বিবেচনা করিয়া প্রণীত Master Plan অনুমোদন করিয়াছে;

(১৬১৪১)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু উক্ত Ordinance এর Section 23 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ঘোষণা করিল যে, নতুন Master Plan একটি চূড়ান্ত দলিল যাহা যথাযথভাবে প্রস্তুতকৃত ও অনুমোদিত এবং অতঃপর উক্ত Ordinance এর Section 24 এর অধীন প্রদত্ত অনুমতি ব্যতিরেকে কোনো ব্যক্তি উক্ত Master Plan এ বর্ণিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে উহার কোনো এলাকা ব্যবহার করিলে তা অবৈধ হইবে।

অনুমোদিত Master Plan এর একাধিক কপি খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অফিস ভবনের নীচতলায় জনসাধারণের অবলোকনের সুবিধার্থে সংরক্ষিত রাখিয়াছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান
সিনিয়র সহকারী প্রধান।